দৈনিক খবর

তারিখ ... 29 MAY 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

224

তদন্ত কমিটি গঠনের প্রতিবাদ

# বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জামায়াত শিবির বিরোধী আরো বিক্ষোভ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গতকাল মঙ্গলবারও ছিল জামায়াত-শিবির বিরোধী বিক্ষোভ-সমাবেশে মুখরিত। মিছিল-সমাবেশ ছাড়াও কয়েকটি সংগঠন উপাচার্যের সাথে দেখা করে তদন্ত কমিটি গঠনের প্রতিবাদ জানিয়েছে।

জামায়াত নেতা মওলানা মতিউর রহমান নিজামীর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আগমনের প্রতিবাদে গতকাল বিভিন্ন সংগঠন ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে। তবে জাতীয়তাবাদী ছাত্রদল জামায়াত-শিবির বিরোধী বক্তব্যদানের পাশাপাশি হামলা-ভাঙচুরের নিন্দা করেছে।

সকালে অপরাজেয় বাংলার

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে

প্রথম পৃষ্ঠার পর

পাদদেশে আয়োজিত ছাত্রদলের প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ডাকসু জিএস খায়রুল কবির খোকন, এ জি এস নাজিমুদ্দিন আলম ও আলী আক্কাস নাদিম। সভাপতিত্ব করেন হাবিব-উন-নবী সোহেল। সমাবেশে বক্তারা বলেন, স্বাধীনতা বিরোধী একজন ব্যক্তির ক্যাম্পাসে আগমনের প্রতিবাদ অবশ্যই করা যেতে পারে। তবে তারা উপাচার্যের অফিস ভাঙচুরের নিন্দা করে দায়ী ব্যক্তিদের শাস্তি ও বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কারের দাবী জানান।

ক্যাম্পাসে, জামায়াত নেতার উপস্থিতির প্রতিবাদে ছাত্রলীগ (আ-অ) এক বিক্ষোভ মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে। এতে বক্তব্য রাখেন সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজন ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী।

ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে ছাত্রলীগ (না-শ) আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন রোকনুজ্জামান রোকন।

জামায়াত নেতার ক্যাম্পাসে উপস্থিতি ও তদন্ত কমিটি গঠনের প্রতিবাদে ছাত্র ইউনিয়ন আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন সুনীল দাস।

জাতীয় ছাত্রলীগের প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক কামাল হোসেন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতা পংকজ নাথ। সমাবেশে সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের নামে জামায়াত-শিবির চক্রের মামলা দায়েরের চেষ্টার প্রতিবাদ জানান হয়।

এ উপলক্ষে বাংলাদেশ ছাত্র মৈত্রীর সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি নূর আহমেদ বকুল ও বিশ্ববিদ্যালয় শাখার নেতা জিয়াউল হক।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি বেলাল আহমেদ ও সাধারণ সম্পাদক রাজেকুজ্জামান রতন।

জানা গেছে, বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষে বিভিন্ন সংগঠনের বিশ্ববিদ্যালয় পর্যায়ের নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে গিয়ে উপাচার্যের সাথে দেখা করে বিক্ষুব্ধ ছাত্রদের হাতে মওলানা নিজামী প্রহৃত হওয়ার ঘটনা তদন্তের জন্য কমিটি গঠনের প্রতিবাদ জানান। তারা অবিলম্বে তদন্ত কমিটি বাতিলের জন্য উপাচার্যের কাছে দাবী জানান।